গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
পরিকল্পনা-১ শাখা

‘শিশুশ্রম নিরসন ও পুনর্বাসন প্রকল্পের ফিজিবিলিটি স্টাডি’ প্রকল্পের প্রকল্প স্টিয়ারিং কমিটি (পিএসসি) সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ এহছানে এলাহী<br>সচিব |
| সভার তারিখ | ০৯ মে, ২০২৩ |
| সভার সময় | দুপুর ০৩.৪৫ ঘটিকা |
| স্থান | মন্ত্রণালয়ের সভাকক্ষ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় |
| উপস্থিতি | পরিশিষ্ট- ‘ক’ |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি জানান, এসডিজি ৮.৭.১-এর মূল উদ্দেশ্য- শিশুশ্রম নিষিদ্ধ ও নির্মূলের জন্য আশু কার্যকর পদক্ষেপ গ্রহণ এবং ২০২৫ সালের মধ্যে সকল প্রকার শিশুশ্রমের অবসান ঘটানো। এসডিজি ৮.৭ লক্ষ্যমাত্রা বাস্তবায়নের জন্য ‘শিশুশ্রম নিরসন ও পুনর্বাসন’ প্রকল্প গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। অত:পর তিনি প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার জন্য আলোচ্যসূচি অনুযায়ী সভায় উপস্থাপনের আহ্বান জানান। মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (উন্নয়ন) জনাব মোঃ তৌফিকুল আরিফ এ পর্যায়ে প্রকল্পের সংক্ষিপ্ত চিত্র তুলে ধরেন। তিনি জানান প্রকল্পটির মেয়াদকাল অক্টোবর ২০২২ হতে জুন ২০২৩ এবং প্রাক্কলিত ব্যয় ৩১০.০০ লক্ষ টাকা। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে উপসচিব (পরিকল্পনা-০১) জনাব মোঃ আল মাসুদ করিম সভার আলোচ্যসূচি অনুযায়ী প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতিসহ সার্বিক বিষয় সভায় উপস্থাপন করেন।

০২। **আলোচনা:**

যুগ্মসচিব (পরিকল্পনা অধিশাখা) জনাব সাইফ উদ্দিন আহমেদ সভার পটভূমি ও উদ্দেশ্য সম্পর্কে সকলকে অবহিত করেন। তিনি উল্লেখ করেন, এসডিজির লক্ষ্যমাত্রা অনুযায়ী ২০২৫ সালের মধ্যে সকল সেক্টর হতে শিশুশ্রম নিরসন করার জন্য শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের দায়িত্ব রয়েছে। সারাদেশব্যাপী বিভিন্ন কর্মক্ষেত্রে নিয়োজিত শিশুদেরকে শ্রম হতে মুক্ত ও পুনর্বাসন করার জন্য ‘শিশুশ্রম নিরসন ও পুনর্বাসন’ প্রকল্প গ্রহণের পরিকল্পনা করা হয়। উক্ত প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষা পরিচালনার জন্য শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এর আওতায় ‘শিশুশ্রম নিরসন ও পুনর্বাসন প্রকল্পের ফিজিবিলিটি স্টাডি’ প্রকল্পটি ৩১০.০০ লক্ষ টাকা (জিওবি) অনুমোদিত ব্যয়ে অক্টোবর ২০২২ হতে জুন ২০২৩ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। এই প্রকল্পের ডিপিপি অনুযায়ী প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক সেক্টরে নিয়োজিত শিশুশ্রমিকের সংখ্যা, বয়সভিত্তিক ডাটা সংগ্রহ, শিশুশ্রমের কারণ, পারিপার্শ্বিক অবস্থা ইত্যাদি বিষয়ের উপর একটি সম্ভাব্যতা সমীক্ষা পরিচালনা করতে হবে। সমীক্ষার মাধ্যমে প্রাপ্ত ফলাফল ও সুপারিশেরভিত্তিতে শিশুদেরকে শ্রম হতে মুক্ত ও পুনর্বাসন করার জন্য ‘শিশুশ্রম নিরসন ও পুনর্বাসন’ প্রকল্প গ্রহণ করা হবে।

উপসচিব (পরিকল্পনা-০১) জনাব মোঃ আল মাসুদ করিম জানান যে, প্রকল্পের ফিজিবিলিটি স্টাডি পরিচালনা করার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের অনুকূলে কার্যাদেশ প্রদান করা হয়েছে। কার্যাদেশের শর্ত অনুযায়ী ঢাকা বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগ এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের মধ্যে চুক্তি সম্পাদিত হয়েছে। প্রকল্পের অনুকূলে ২০২২-২০২৩ অর্থ বছরের আরএডিপিতে কার্যক্রম বিভাগ হতে ‘বিশেষ প্রয়োজনে উন্নয়ন সহায়তা’ খাতে জিওবি বাবদ রক্ষিত অর্থ হতে ৩১০.০০ লক্ষ (রাজস্ব ৩০২.০০ লক্ষ ও মূলধন ৮.০০ লক্ষ) টাকা আইবাস++-এ অন্তর্ভুক্তসহ অর্থ ছাড়করণের সম্মতি অর্থ বিভাগ প্রদানের পর অর্থ ছাড়ের সরকারি আদেশ জারি করা হয়েছে। ২০২২-২৩ অর্থবছরে আরএডিপিতে প্রয়োজনীয় তথ্য এএমএস সফ্‌টওয়্যারে এন্ট্রি প্রদান করা হয়েছে।

কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর আধুনিকায়ন ও শক্তিশালীকরণ এবং ১৩ টি জেলা কার্যালয় স্থাপন প্রকল্পের প্রকল্প পরিচালক, (যুগ্মসচিব) জনাব জনাব ইমতিয়াজ হোসাইন জানান যে, সম্প্রতি সময়ে শিশুশ্রম নিরসন বিষয়ক বেশ কিছু মডেল প্রস্তুত করা হয়েছে। এ মডেলগুলোর মধ্যে যেটি সর্বোচ্চ কার্যকরী, আর্থিকভাবে গ্রহণযোগ্য এবং সরকারের জন্য বাস্তবায়নযোগ্য এ বিষয়গুলো প্রকল্পের ফিজিবিলিটি স্টাডিতে বিবেচনায় নিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগকে অনুরোধ করা যেতে পারে।

অতিরিক্ত সচিব (উন্নয়ন), জনাব মোঃ তৌফিকুল আরিফ জানান, কোভিড-১৯ মহামারীর সময়কালে অনেক শিশুকে শিক্ষা কার্যক্রম বন্ধ

করতে বাধ্য হয়েছিল এবং ফলে বিভিন্ন ঝুঁকিপূর্ণ কাজে শিশুদের সংখ্যা বৃদ্ধি পায়। পরিবারের ভরণপোষণের জন্য বেশ কিছু সেক্টরে মারাত্মক ঝুঁকিপূর্ণ কাজে শিশুশ্রম ব্যবহার হচ্ছে। শ্রমে জড়িত শিশুদের শিক্ষার মূলধারার ফিরিয়ে আনা প্রয়োজন। সমস্ত ঝরে পড়া শিশুরা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যবস্থায় অন্তর্ভুক্ত করতে হবে এবং শিক্ষা সমাপ্ত না হওয়া পর্যন্ত পরিবারে সহায়তা করতে হবে। তাছাড়া বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রদান এবং শিক্ষা নিরাপত্তার জন্য এককালীন আর্থিক সহায়তা প্রদান, পরিবারের মধ্যে সচেতনতা বৃদ্ধির মাধ্যমে এসডিজি ৮.৭ লক্ষ্যমাত্রা বাস্তবায়ন করা সম্ভব হবে। এ সকল বিষয়গুলি শিশুশ্রম নিরসন ও পুনর্বাসন প্রকল্পের ফিজিবিলিটি স্টাডিতে সমন্বিত করা প্রয়োজন। সচিব মহোদয় প্রকল্প কাজের সার্বিক অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করেন।

০৩। সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনাক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক) শিশুশ্রম নিরসন ও পুনর্বাসন সংক্রান্ত বাংলাদেশসহ পৃথিবীর বিভিন্ন দেশে ইতোপূর্বে পরিচালিত স্টাডি/মডেলসমূহ পর্যালোচনাপূর্বক সেগুলোর লেসন লার্নিং সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদনে অন্তর্ভুক্ত করার জন্য প্রকল্পে নিয়োজিত ফার্মকে নির্দেশনা প্রদান করতে হবে। বাস্তবায়নকারী: প্রকল্প পরিচালক, শিশুশ্রম নিরসন ও পুনর্বাসন প্রকল্পের ফিজিবিলিটি স্টাডি; এবং

খ) প্রকল্প পরিচালককে সংশ্লিষ্ট সকলের সাথে সমন্বয় করে প্রকল্পটি নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।

০৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ এহছানে এলাহী
সচিব

স্মারক নম্বর: ৪০.০০.০০০০.০২৬.১৪.০০১.২২.৫৪

তারিখ: ৪ জ্যৈষ্ঠ ১৪৩০
১৮ মে ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ
২) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
৩) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৪) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৫) সদস্য, শিল্প ও শক্তি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৬) মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
৭) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
৮) প্রকল্প পরিচালক, 'শিশুশ্রম নিরসন ও পুনর্বাসন প্রকল্পের ফিজিবিলিটি স্টাডি' প্রকল্প
৯) যুগ্মপ্রধান , এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ
১০) প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
১১) সিনিয়র সহকারী সচিব, পরিকল্পনা-৪ শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
১২) সচিব মহোদয়ের একান্ত সচিব , সচিবের দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৩) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (ওয়েবসাইটের পরিকল্পনা কর্ণারে আপলোডের অনুরোধসহ)

মোঃ আল মাসুদ করিম
উপসচিব